গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

জরুরী

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০২.১৮.৮৫

তারিখ: ১১/১০/২০১৮

বিষয়: **পদ্মা সেতু সংশ্লিষ্ট বিভিন্ন চলমান উন্নয়ন প্রকল্পের উদ্বোধন অনুষ্ঠান ও তৎপরবর্তী সুধী সমাবেশে মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত বক্তব্য সরাসরি সম্প্রচার।**

আগামী ১৩ অক্টোবর ২০১৮ তারিখ শনিবার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদ্মা সেতু প্রকল্প পরিদর্শন করবেন। উক্ত পরিদর্শনকালে মাননীয় প্রধানমন্ত্রী সকাল ১১টায় মুন্সিগঞ্জ জেলার মাওয়ায় পদ্মা সেতু সংশ্লিষ্ট বিভিন্ন চলমান উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করবেন এবং মাওয়া টোলপ্লাজা সংলগ্ন গোল চত্বরে সুধী সমাবেশে বক্তব্য প্রদান করবেন। মাননীয় প্রধানমন্ত্রী একইদিন বেলা ২টা ৪৫মিনিটে শরীয়তপুর জেলার জাজিরায় পদ্মা সেতু সংশ্লিষ্ট বিভিন্ন চলমান উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করবেন এবং বেলা ৩টায় মাদারীপুর জেলার কাঁঠালবাড়ি ফেরীঘাটে সুধী সমাবেশে বক্তব্য প্রদান করবেন। মাওয়াস্থ অনুষ্ঠান/মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য ওবি ভ্যান ও বিটিসিএল লাইনের মাধ্যমে এবং জাজিরা ও কাঁঠালবাড়ি ফেরীঘাটস্থ অনুষ্ঠান/মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য টেলিভিশনের আউটপুট থেকে বাংলাদেশ বেতার ঢাকা-ক মধ্যম তরঙ্গ ৬৯৩ কিলোহার্জে ও এফ.এম ১০৬.০ মেগাহার্জে এবং ওয়েব সাইট www.betar.gov.bd থেকে সরাসরি সম্প্রচার হবে।

২। উক্ত অনুষ্ঠান/মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্যের সময়সূচি পরিবর্তনের ক্ষেত্রে সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা- প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রেস উইং/সেতু বিভাগ-এর সাথে যোগাযোগপূর্বক সমন্বয় করে অনুষ্ঠানটি যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন।

৩। উক্ত অনুষ্ঠান/মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য সরাসরি সম্প্রচারকালীন ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান, সংবাদ, জাতীয় অনুষ্ঠান ও আবহাওয়া বার্তা ঢাকা-খ ৮১৯ কিলোহার্জে, ঢাকা-গ ১১৭০ কিলোহার্জে, এফ.এম ৯৭.৬ মেগাহার্জে ও ক্ষুদ্র তরঙ্গ ৪৭৫০ কিলোহার্জে প্রচার হবে।

৪। উল্লিখিত অনুষ্ঠান/মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য প্রচারের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।

৫। উক্ত অনুষ্ঠান/মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর, লৌহজং টেলিফোন এক্সচেঞ্জ, মুন্সিগঞ্জ থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত টেলিফোন লাইন বুক করবেন। এ সংক্রান্ত ব্যয় আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা-র টেলিফোন খাত থেকে পরিশোধ হবে।

৬। উক্ত অনুষ্ঠান/মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, সংশ্লিষ্ট স্টুডিওতে টেলিভিশন ও ডিস সংযোগের ব্যবস্থা গ্রহণসহ যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।

৭। উক্ত অনুষ্ঠান/মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য সম্প্রচারকালীন মহাশক্তি প্রেরণ কেন্দ্রে বিদ্যুৎ/যান্ত্রিক বিঘ্ন ঘটলে উক্ত অনুষ্ঠান ঢাকা-খ ৮১৯ কিলোহার্জে, এফ.এম ১০৬.০ মেগাহার্জে এবং ওয়েব সাইট www.betar.gov.bd থেকে সম্প্রচার হবে। এ সময় ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান, সংবাদ, আযান, জাতীয় অনুষ্ঠান ও আবহাওয়া বার্তা ঢাকা-গ ১১৭০ কিলোহার্জে, এফ.এম ৯৭.৬ মেগাহার্জে এবং ক্ষুদ্র তরঙ্গ ৪৭৫০ কিলোহার্জে প্রচার হবে।

৮। উক্ত অনুষ্ঠান/মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য সরাসরি সম্প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও উপস্থাপক-উপস্থাপিকাদের নিরাপত্তা পাশ সংগ্রহ, সংশ্লিষ্ট স্টুডিওতে প্রয়োজনীয় সংখ্যক উপস্থাপক/উপস্থাপিকাদের দায়িত্ব প্রদান, অনুষ্ঠান প্রচারের পূর্বে ঘোষণা/প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিত করার ব্যবস্থা গ্রহণ এবং সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ ও সার্বিক সমন্বয়ন সাধন করবেন।

৯। উক্ত অনুষ্ঠান/মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য প্রচারের মাঝে ফিলার প্রচারের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা অনুমোদিত অনুষ্ঠান/গানের তালিকা অনুসরণ করবে।

১০। উক্ত অনুষ্ঠান/মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বাহ্নে দায়িত্ব অর্পণ করবেন এবং তিনি/তাঁর প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধান করবেন।

১১। বর্ণিত অনুষ্ঠানের ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের জন্য পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১২। বর্ণিত অনুষ্ঠান/মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য শুরুর কমপক্ষে ২ ঘন্টা পূর্বে সংশ্লিষ্ট বহিঃসম্প্রচার দলকে প্রযোজ্য ক্ষেত্রে অনুষ্ঠানস্থলে ও স্টুডিওতে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

১৩। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১১/১০/২০১৮
(মো. আজিজ আহমেদ রুবায়েত মোর্শেদ)
উপ-পরিচালক
ফোন: ০২-৪৪৮১৩০৭৯
মহাপরিচালকের পক্ষে।
dd2program@gmail.com

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১। উপ-মহাপরিচালক (বার্তা)/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার ধামরাই, ঢাকা।
৩। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর **(দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**/জাতীয় বেতার ভবন, আগারগাঁও, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা।
৪। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা।
৬। স্টেশন প্রকৌশলী, নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।